

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং-৩৯.০০.০০০০.০১২.০০২.০৩.১৮-৮০

১০ আষাঢ়, ১৪২৫

তারিখ:

২৪ জুন, ২০১৮

বিজ্ঞপ্তি

বিষয়: ২০১৮-২০১৯ অর্থ বছরে এমএস, এমফিল, পিইচডি এবং পোস্টডেক্টরাল কোর্সে অধ্যয়নরত ছাত্র-ছাত্রী/গবেষকদের নিকট থেকে  
অন-লাইনে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি(NST) ফেলোশিপের আবেদন আহবান।

২০১৮-২০১৯ অর্থ বছরে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপ প্রদানের জন্য সরকার কর্তৃক অনুমোদিত দেশের পাবলিক  
বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠান/ইনসিটিউট-এর অধীনে (i) ভৌত, জৈব ও অজৈব বিজ্ঞান, প্রকৌশল ও পরিবেশ বিজ্ঞান, নবায়নযোগ্য শক্তি  
বিজ্ঞান, তথ্য ও যোগযোগ প্রযুক্তি ন্যানোটেকনোলজি লাগসই প্রযুক্তি, (ii) জীববিজ্ঞান ও চিকিৎসাবিজ্ঞান, (iii) খাদ্য ও কৃষি বিজ্ঞান বিষয়ে  
২০১৮-২০১৯ সেশনে এমএস, এমফিল, পিইচডি ও পোস্টডেক্টরাল কোর্সে অধ্যয়নরত ছাত্র-ছাত্রী/গবেষকদের এবং পূর্ববর্তী অর্থ  
বছরে ফেলোশিপপ্রাপ্ত এমফিল গবেষকদের ২য় বছর এবং পিইচডি গবেষকদের নিকট থেকে ২য় ও ৩য় বছরের ফেলোশিপ নবায়নের জন্য  
অন-লাইনে (fellowship.most.gov.bd)লিংকে নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছে।


- ২। ফেলোশিপ নীতিমালা, অন-লাইনে আবেদনপত্রের ফরম এবং আবেদনের সঙ্গে প্রয়োজনীয় তথ্যাদি বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের  
ওয়েবসাইটে ([www.most.gov.bd](http://www.most.gov.bd))-এর (fellowship.most.gov.bd)লিংকে পাওয়া যাবে।
- ৩। অন লাইনে আবেদনের সময় সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সনদপত্র সংযুক্ত করতে হবে।
- ৪। সাক্ষাৎকারের সময় নিম্নোক্ত ডকুমেন্টস সংযুক্ত করে সংজ্ঞে আনতে হবে:
- (i) সাম্প্রতিক ১(এক) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি
  - (ii) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, মার্কশিটের মূল কপি এবং একসেট সত্যায়িত ফটো কপি (জমা দেয়ার জন্য)
  - (iii) বিশ্ববিদ্যালয়ে এমএস (মাস্টার্স), এমফিল, পিইচডি পোস্টডেক্টরাল কোর্সে ভর্তিসংশ্লিষ্ট কাগজ পত্রসহ ভর্তির রসিদ
  - (iv) “আবেদনকারী একজন সার্বক্ষনিক শিক্ষার্থী/ গবেষক” মর্মে সংশ্লিষ্ট শিক্ষা/ গবেষণা প্রতিষ্ঠানের বিভাগীয় প্রধানের  
প্রত্যয়নপত্র (বিভাগীয় প্রধানের পুরো নাম, প্রতিষ্ঠানিক ঠিকানা, মোবাইল নম্বর এবং ই-মেইল ঠিকানাসহ)
  - (v) তত্ত্বাবধায়ক কর্তৃক প্রতিস্থানের প্রস্তাবিত গবেষণা প্রকল্পের সংক্ষিপ্তসার (তত্ত্বাবধায়কের নাম, প্রাতিষ্ঠানিক ঠিকানা,  
মোবাইল নম্বর এবং ই-মেইল ঠিকানাসহ) ৪কপি
  - (vi) সরকারি/ আধা-সরকারি/ স্বায়ত্তশাসিত সংস্থা/ বিধিবদ্ধ সরকারি প্রতিষ্ঠানে চাকুরিজীবীগণের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের  
মাধ্যমে শিক্ষা গবেষণার অনুমতিপত্র, শিক্ষা ছুটি, প্রেষণ মঙ্গুরের অনুলিপি
  - (vii) পোস্টডেক্টরাল ফেলোশিপের জন্য সকল কাগজপত্রের সঙ্গে বিশ্ববিদ্যালয়/ গবেষণা প্রতিষ্ঠান থেকে আমন্ত্রণপত্র  
(Invitation Letter) এবং
  - (viii) সরকারি/বেসরকারি সকল প্রার্থীকে “অন্য কোন সরকারি/ স্বায়ত্তশাসিত/ বেসরকারি প্রতিষ্ঠান থেকে উক্ত শিক্ষা/  
গবেষণার জন্য কোন প্রকার ফেলোশিপ/ অনুদান গ্রহণ করেন নাই” মর্মে ৩০০/- (তিনিশত) টাকার নন-জুডিশিয়াল  
স্ট্যাম্পে ঘোষণা পত্র।

৫। এমফিল-২য় বছর এবং পিইচডি-৩য় বছরে ফেলোশিপ প্রাপ্ত ছাত্র-ছাত্রী/গবেষকদের চূড়ান্ত প্রতিবেদন (Thesis) আবশ্যিকভাবে  
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।

৫। যথাযথভাবে পূরণপূর্বক আবেদনপত্র (সংযুক্ত কাগজপত্রসহ) আগামী ৩১ আগস্ট, ২০১৮ তারিখের মধ্যে অন-লাইনে প্রেরণ করতে  
হবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। অসম্পূর্ণ/ নীতিমালার সঙ্গে সংক্রান্তিপূর্ণ নয় এমন আবেদনপত্র অযোগ্য  
হিসেবে বিবেচিত হবে। [শেষ তারিখের জন্য অপেক্ষা না করে হাতে সময় নিয়ে সর্তকতার সঙ্গে নিজে অন-লাইনে যথাযথভাবে আবেদনপত্র  
পূরণ করে জমাদান সম্পন্ন করুন]

৬। যোগ্যতা ও গবেষণা প্রস্তাবের মান বিবেচনা করে স্বচ্ছতা ও নিরপেক্ষতার মাধ্যমে ফেলোশিপ প্রদান করা হবে। যে কোন ক্রম  
অনুরোধ/ব্যক্তিগত যোগাযোগ অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

৭। কর্তৃপক্ষ যে কোন সময় এ বিজ্ঞপ্তি বাতিল/পরিবর্তন বা পরিবর্ধনের ক্ষমতা সংরক্ষণ করে।

  
(একেএম তারেক)

উপসচিব

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০

ফোন: ৯৫৫৯৯৩১

E-mail:section12@most.gov.bd